




মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

কর্ম পরিবেশ উন্নয়ন সম্পর্কিত প্রতিবেদন

ঢাকা শিক্ষা বোর্ডের কর্ম পরিবেশ উন্নয়নের লক্ষ্যে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে:

গ্রহীত কার্যক্রম	দায়িত্ব বণ্টন	অগ্রগতি
বোর্ড ক্যাম্পাসের পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার কার্যক্রম গ্রহণ করা হয়েছে।	বোর্ডের ৪নং ভবনের পাশের বাউন্ডারি দেয়ালের পাশে ময়লার জুপ পরিষ্কার করে সেখানে গাছ লাগানোর জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ কাজে বোর্ডের সিনিয়র সিস্টেম এনালিস্টকে দায়িত্ব প্রদান করা হয়েছে।	বোর্ডের সিনিয়র সিস্টেম এনালিস্ট অত্যন্ত গুরুত্ব সহকারে আন্তরিকতার সাথে কাজটি সম্পন্ন করেছেন এবং আবর্জনা পরিষ্কার করে গাছ লাগানো হয়েছে। (বাস্তবায়িত)
ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কার্যক্রম	বোর্ড ক্যাম্পাস ও ক্যাম্পাসে অবস্থিত কর্মকর্তাদের স্টাফ কোয়ার্টারে প্রতিদিন মশার ওষুধ ছিটানো ও মশা বংশ বিস্তার করতে পারে এমন কোন স্থান থাকলে তা ধ্বংস করার জন্য তত্ত্বাবধায়ন শাখাকে দায়িত্ব প্রদান করা হয়।	বোর্ডের তত্ত্বাবধায়ন শাখা বিষয়টিতে গুরুত্ব দিয়ে কার্যক্রম শুরু করে এবং নিয়মিত মশার ওষুধ ছিটানোসহ পরিচ্ছন্নতার কাজ সম্পন্ন করা হচ্ছে। (বাস্তবায়িত)
করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে সবার জন্য হাত ধোয়া ও মাস্ক পড়া বাধ্যতামূলক করা	বোর্ডের সকল কর্মকর্তা-কর্মচারীর নিয়মিত হাত ধোয়া ও সার্বক্ষণিক মাস্ক পড়া বাধ্যতামূলক করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বোর্ডের উপসচিব (প্রশাসন) কে দায়িত্ব প্রদান করা হয়েছে।	বোর্ডের উপসচিব (প্রশাসন) বিষয়টিকে অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনা করে হাত ধোয়া কার্যক্রম সিসি টিভিতে মনিটরিং করছেন এবং মেইন গেইটে দায়িত্বরত আনসার সদস্যদেরও পর্যবেক্ষণের জন্য নির্দেশনা প্রদান করেছেন। এতে করে নিয়মিত হাত ধোয়া ও সার্বক্ষণিক মাস্ক পড়া নিশ্চিত হয়েছে। (বাস্তবায়িত)


প্রফেসর তপন কুমার সরকার
সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।